গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৩.২২.২৫৪

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৯
২৩ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: **MV. HONOR WIN জাহাজ হতে আমদানিকৃত মোট ৯১৫০ (+/-) মে.টন নন বাসমতি সিদ্ধ চালের চলাচল সূচি (সূচি নং ১১৭)**

সূত্র: চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা এর ১৯-০২-২০২৩ খ্রি. তারিখের ১৩.১৭.০০০০.০০৫.৫০.০০১.২২.৮৯৩ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চুক্তি নং-১৩.০১.০০০০.০৯৩.৪৬.০১১.২২.৪৪; তারিখ: ১৫-০১-২০২৩ খ্রি. এর বিপরীতে নগদ ক্রয়কৃত মোট ৯১৫০ মে.টন ভারতীয় নন-বাসমতি সিদ্ধ চাল নিয়ে ০১ খানা জাহাজ মোংলায় আগমন করবে মর্মে জানা যায়। আগত জাহাজের চাল খালাস করে দেশের বিভিন্ন কেন্দ্রে প্রেরণের চলাচল সূচি জারির জন্য চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা কর্তক সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে।

তৎপ্রেক্ষিতে, ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের কতিপয় এলএসডি/সিএসডিতে আপতকালীন মজুত গড়ার জন্য বর্তমান মজুত, সাশ্রয়ী রুট বিবেচনায় এবং দ্রুত জাহাজের চাল খালাসের স্বার্থে সড়ক ও নৌপথে মোট ৯১৫০ (±) মে.টন নন বাসমতি সিদ্ধ চালের চলাচল চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন শর্তে নির্দেশক্রমে জারি করা হলো।

**সড়ক ও নৌপথে আমদানিকৃত নন বাসমতি সিদ্ধ চালের চলাচলসূচি**

| ক্র. নং | জাহাজ/ কার্গোর নাম | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | MV. HONOR WIN | ৪ নং/৭ নং/ মহেশ্বরপাশা ঘাট, খুলনা | শরীয়তপুর | জাজিরা এলএসডি | ২০০ | আমদানিকৃত নন বাসমতি সিদ্ধ চাল | সড়ক/ নৌ পথ | চসনি খুলনা/ সংশ্লিষ্ট জেখানি প্রযোজ্য ক্ষেত্রে ৪নং/ ৭ নং/ মহেশ্বরপাশা ঘাটের মাধ্যমে ব্যয় কম বিবেচনায় নৌ ও সড়ক পথে উপসূচি জারি করবেন |
| | ঐ | ঐ | ঐ | ডামুড্যা এলএসডি | ১২০ | ঐ | ঐ | |
| | ঐ | ঐ | মাদারীপুর | কালকিনি এলএসডি | ১২০ | ঐ | ঐ | |
| | ঐ | ঐ | ঐ | টেকেরহাট এলএসডি | ৭০০ | ঐ | ঐ | |
| | ঐ | ঐ | গোপালগঞ্জ | সিন্ধিয়াঘাট এলএসডি | ২০০ | ঐ | ঐ | |
| | ঐ | ঐ | ঐ | কোটালীপাড়া এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| | ঐ | ঐ | বাগেরহাট | রামপাল এলএসডি | ৪০০ | ঐ | ঐ | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ঐ | ঐ | খুলনা | ডুমুরিয়া এলএসডি | ১০০ | ঐ | ঐ | |
| | ঐ | ঐ | ঐ | তেরখাদা এলএসডি | ১০০ | ঐ | ঐ | |
| | | | | মোট = | ২২৪০ | | | |
| | ঐ | মোংলা বন্দর | পটুয়াখালী | খেপুপাড়া এলএসডি | ৬০০ | ঐ | ঐ | |
| | ঐ | ঐ | ঐ | রাঙ্গাবালী এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| | ঐ | ঐ | ঐ | কালাইয়া এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| | ঐ | ঐ | ভোলা | চরশশীভূষণ এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| | ঐ | ঐ | বরগুনা | বরগুনা এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| | ঐ | ঐ | ঐ | বেতাগী এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| | ঐ | ঐ | বরিশাল | আগৈলঝাড়া এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| | ঐ | ঐ | ঐ | গৌরনদী এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| | ঐ | ঐ | ঐ | হিজলা এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| | ঐ | ঐ | ঝালকাঠি | নলছিটি এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| | ঐ | ঐ | পিরোজপুর | পিরোজপুর এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| | ঐ | ঐ | ঐ | তুষখালী এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| | ঐ | ঐ | খুলনা | খুলনা সিএসডি | ১৮১০ (+) | ঐ | ঐ | |
| | ঐ | ঐ | ঐ | মহেশ্বরপাশা সিএসডি | ১২০০ (+) | ঐ | ঐ | |
| | | | | মোট = | ৬৯১০ (+) | | | |
| | | | | সর্বমোট = | ৯১৫০ (+) | | | |

**জারিকৃত সূচির চাল প্রাপক কেন্দ্রে পরিবহণে সমস্যা সৃষ্টি হলে খুলনা/মহেশ্বরপাশা সিএসডিতে উত্তোলন করা যাবে এবং উক্ত বিষয়ে এ দপ্তরকে অবহিত করতে হবে।**

**নির্দেশনাসমূহ:**

১। এই সূচি বাস্তবায়নের ক্ষেত্রে খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচলসূচি প্রণয়ন নীতিমালা ২০০৮ অনুসরণ করতে হবে।

২। 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত ১১-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত জরুরি নির্দেশনা' বিষয়ক ১৮-০৪-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারক, ২৯-১১-২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১২২৪ নং স্মারক ও ২২-০৫-২০২২ খ্রি. তারিখের

১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৪৭৮ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে;

৩। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা প্রেরক হিসেবে কার্য সম্পাদন করবেন;

৪। সূচির বিপরীতে প্রেরিতব্য খাদ্যশস্য সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি)/ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত খাদ্যশস্যের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সুস্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেখানি/চসনির বিশেষ তদারকি/নজরদারিতে খাদ্যশস্য প্রেরণ করতে হবে;

৫। চলাচলসূচির আওতায় কোন কীটাক্রান্ত (জীবিত/মৃত) খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। সূচিতে উল্লিখিত সংশ্লিষ্ট পণ্য প্রকার ও ওয়ারেন্টি মোতাবেক প্রেরণ করতে হবে; প্রতিটি ট্রাক-এ প্রেরিত চালের ভৌত বিশ্লেষণ রিপোর্ট ও নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে। পরিবহণকৃত খাদ্যশস্যের সাথে নমুনার মিল না থাকলে কিংবা পথিমধ্যে খাদ্যশস্য ও বস্তা পরিবর্তন করে প্রাপক কেন্দ্রে আনা হলে সংশ্লিষ্ট ঠিকাদার দায়ী থাকবেন এবং দায়ী ঠিকাদারের বিরুদ্ধে চুক্তিপত্র মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৬। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রযোজ্য ক্ষেত্রে (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) খাদ্যশস্য পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম হলে বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন;

৭। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না; ভি-ইনভয়েসে পণ্যের গুণগতমান ও ধরন সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপক কেন্দ্র খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি অনুযায়ী ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে সূচি প্রণয়নকারী কর্তৃপক্ষ ও ডিডিও এর নিকট প্রেরণ করবেন;

১০। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১১। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রযোজ্য ক্ষেত্রে চুক্তিপত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। অপরিবাহিত খাদ্যশস্য জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি অথবা বোঝাইকেন্দ্রে পরিবহণযানসহ উপস্থিত আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে;

১২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক এই সূচি, উপসূচি, ডিআরটিসি সূচি Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

**১৩। জাহাজের চাল দ্রুত খালাসের লক্ষ্যে চসনি, খুলনা উপসূচির মেয়াদ ১০ দিন পর্যন্ত নির্ধারণ করবেন এবং নির্ধারিত মেয়াদের পর চাল পরিবহণ অবশিষ্ট থাকলে উক্ত উপসূচি উন্মুক্ত করে আগ্রহী ঠিকাদারের মাধ্যমে পরিবহণ করাবেন।**

১৪। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

২২-২-২০২৩
মোঃ ফজলে রাব্বী হায়দার
উপপরিচালক
ফোন: +৮৮-০২-৯৫৮৪৮৩৪
ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭
ইমেইল: dg@dgfood.gov.bd

প্রাপক :
১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা
২) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৩.২২.২৫৪/১(১০)

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৯ / ২৩ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:
১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
৩) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/বরিশাল
৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ..................................
৭) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮) ব্যবস্থাপক, ................................. সিএসডি
৯) ভারপ্রাপ্ত কর্মকর্তা, ................................... এলএসডি

২২-২-২০২৩
মোঃ ফজলে রাব্বী হায়দার
উপপরিচালক